DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 13 Sep 2026, 03:11 PM

জাতীয়

# নিবন্ধন ফি কমানোসহ সেবা সম্পূর্ণ ডিজিটাল করার দাবি রিহ্যাবের, প্রধানমন্ত্রীর আশ্বাস

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



পরিকল্পিত নগরায়ণ ও আবাসন খাতের সার্বিক উন্নয়নে কৃষিজমি রক্ষা এবং রাজধানীর বাইরেও সমান গুরুত্ব দিয়ে নগরায়ণ বিকেন্দ্রীকরণের ওপর জোর দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। একইসঙ্গে এই খাতে অনিয়ম ও দুর্নীতি রোধে সরকার আরও কঠোর পদক্ষেপ নিচ্ছে বলে জানান তিনি।

বুধবার (২২ জুলাই) সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করে রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব)-এর একটি প্রতিনিধিদল। বৈঠকে ড্যাপ বাস্তবায়নজনিত সমস্যা, জমি ও ফ্ল্যাট নিবন্ধন ফি কমানো এবং পরিকল্পিত নগরায়ণসহ আবাসন খাতের বিভিন্ন চ্যালেঞ্জ নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

বৈঠকে রিহ্যাব প্রতিনিধিদলের পক্ষ থেকে আবাসন খাতের বর্তমান স্থবিরতা কাটাতে একগুচ্ছ প্রস্তাব তুলে ধরা হয়। তারা জমি, প্লট ও ফ্ল্যাট নিবন্ধন ফি যৌক্তিক পর্যায়ে নামিয়ে আনা এবং সরকারি সেবাসমূহ দ্রুত ও সম্পূর্ণ ডিজিটাল করার জোর দাবি জানান। এ ছাড়া ঢাকার সীমিত জমির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে ফ্লোর এরিয়া রেশিও (এফএআর) বাড়ানো এবং উল্লম্ব (ভার্টিকাল) নগরায়ণের ওপর বিশেষ গুরুত্ব

দেওয়ার আহ্বান জানানো হয়।

রিহ্যাব নেতাদের প্রস্তাবের জবাবে প্রধানমন্ত্রী বলেন, আবাসন শিল্প জাতীয় অর্থনীতির অন্যতম প্রধান চালিকাশক্তি এবং জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধির সঙ্গে এই খাতের বিকাশ ওতপ্রোতভাবে জড়িত। সরকার এমন একটি স্বচ্ছ, জবাবদিহিমূলক ও বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরিতে কাজ করছে, যা আবাসন খাতকে পরিকল্পিত, টেকসই ও দুর্নীতিমুক্ত করতে সহায়তা করবে।

নগরায়ণের বিকেন্দ্রীকরণ নিয়ে প্রধানমন্ত্রী বলেন, উন্নয়ন কার্যক্রম কেবল ঢাকাকেন্দ্রিক হলে চলবে না; দেশের অন্যান্য বিভাগীয় ও আঞ্চলিক শহরগুলোকেও সমান গুরুত্ব দিয়ে পরিকল্পিতভাবে গড়ে তুলতে হবে।

তবে যেকোনো ধরনের নগরায়ণ বা আবাসন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে দেশের খাদ্যনিরাপত্তা ও কৃষিজমি রক্ষার বিষয়টি কঠোরভাবে মেনে চলার নির্দেশ দেন তিনি।

বৈঠকে উপস্থিত ছিলেন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী জাকারিয়া তাহের সুমন, রিহ্যাবের সভাপতি ড. আলী আফজাল, রিহ্যাবের সহ-সভাপতি-২ আবু খালিদ মোহাম্মদ বারকাতুল্লাহ, ইস্টার্ন হাউজিং লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মো. আমিনুল করিম সিদ্দিকী, ইউনাইটেড গ্রুপের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক নিজামউদ্দিন হাসান রশিদ, ইউনাইটেড গ্রুপের ম্যানেজার মুশফিকুল আলম খন্দকার, রূপায়ণ গ্রুপের চেয়ারম্যান মো. লিয়াকত আলী খান, রূপায়ণ গ্রুপের কো-চেয়ারম্যান মাহির আলী খান রাতুল, আমিন মোহাম্মদ গ্রুপের নির্বাহী পরিচালক আবুল কালাম মো. রেজাউল করিম, সেঞ্চুরি গ্রুপের চেয়ারম্যান মেজর জেনারেল (অব.) নাসির মজুমদার, ইউএস-বাংলা অ্যাসেটস লিমিটেডের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল (অব.) মো. জালাল ঘানি খান এবং স্বদেশ প্রপার্টিজ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক এম. এ. কাইয়ুম।

---

## এ বিভাগের আরও খবর




**কর্ণফুলীতে মাইক্রোবাস-কাভার্ডভ্যান সংঘর্ষে নিহত ৪**
চট্টগ্রামের কর্ণফুলীতে মাইক্রোবাস ও কাভার্ডভ্যানের মুখোমুখি সংঘর্ষে চারজন নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন অন্তত ১১ জন। আহত ব্যক্তিদের মধ্যে...




### ফেনীতে প্রধানমন্ত্রীর সফর স্থগিত

প্রধানমন্ত্রী তারেক রহমানের আগামী ১৭ সেপ্টেম্বর ফেনী সফর স্থগিত করা হয়েছে। অক্টোবরের প্রথম সপ্তাহে প্রধানমন্ত্রী ফেনী সফর করবেন বলে জানিয়েছে...

---



### নতুন গ্যাসক্ষেত্র অনুসন্ধানে শেভরনকে বিনিয়োগের আহ্বান প্রধানমন্ত্রীর

দেশের জ্বালানি নিরাপত্তা জোরদার ও ক্রমবর্ধমান চাহিদা মেটাতে যুক্তরাষ্ট্রভিত্তিক আন্তর্জাতিক জ্বালানি কোম্পানি শেভরনকে আরও বেশি বিনিয়োগের আহ...

---



### পাকিস্তানের সঙ্গে ব্যবসা-বাণিজ্য ও শিক্ষা সহযোগিতা বাড়ানোর আহ্বান রাষ্ট্রপতির

পাকিস্তানের সঙ্গে ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগ, বিমান যোগাযোগ, শিক্ষা ও প্রশিক্ষণসহ পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা আরও জোর...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/national/nibndhn-fi-kmanosh-seba-smpurn-dijital-krar-dabi-rihjaber-prdhanmntrir-ashbas